

৫. সামাজিক সুরক্ষা সংক্রান্ত তথ্য



দারিদ্র্যপীড়িত এ দেশে অনেক মানুষই দারিদ্র্য সীমার নিচে বাস করে। বিশেষ করে গ্রাম বাংলার অধিকাংশ মানুষেরই এই অবস্থা। এর থেকে মানুষকে মুক্তি দেয়ার জন্য সরকার বিভিন্ন ধরনের সেবামূলক কর্মসূচী হাতে নিয়েছে। কিন্তু বেশীরভাগ সময়ই দেখা যায় যে যাদের জন্য এসব কর্মসূচী পরিচালিত হচ্ছে তারা এসব সুবিধা থেকে বণ্টিত হচ্ছে। সাধারণতঃ প্রশাসন ও স্থানীয় রাজনীতিবিদদের কারণেই এ খাতে দুর্বীলি এবং অনিয়ম হয়ে থাকে। এর ফলে সরকার কর্তৃক গৃহীত যাবতীয় সেবামূলক কর্মসূচীর সুবিধা থেকে সাধারণ জনগণ বণ্টিত হয়। এসব অনিয়ম দেখে জনগণের মনে নানা ধরনের প্রশ্ন জাগে, যার মধ্যে উল্লেখযোগ্য হচ্ছে:

- সরকারের সামাজিক সুরক্ষা (সেফটিনেট) কর্মসূচীতে কি কি বিষয়কে অন্তর্ভুক্ত করা হয়েছে?
- ভিজিএফ, ভিজিডি, বয়স্কভাতা ও বিধবা ভাতা সংক্রান্ত কার্ড কিভাবে বিতরণ করা হয়?
- মাতৃত্বকালীন ভাতা পাওয়ার যোগ্যতা কি?
- সরকারের ১০০ দিনের কর্মসূজন কর্মসূচীতে অন্তর্ভুক্ত হওয়ার নিয়ম কি?

এ ধরনের প্রশ্ন সংক্রান্ত তথ্যের জন্য আইনের ধারা ও বিধি অনুযায়ী উপজেলা সমাজ সেবা কর্মকর্তার কার্যালয়ে দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তার কাছে আবেদন করতে হবে। নিচে তথ্য অধিকার আইনের আওতায় সামাজিক সুরক্ষা খাতের বিভিন্ন বিষয়ে কিছু প্রশ্নের নমুনা আবেদনপত্রে ব্যবহারযোগ্য করে দেবার চেষ্টা করা হলো। প্রশ্নগুলো বিভিন্ন জায়গায় জনগণের কাছ থেকে সংগ্রহ করা হয়েছে।

১. উপজেলা পর্যায়ে দারিদ্র্য পরিবারগুলোর জন্য সরকারের কি কি সেফটিনেট কর্মসূচী আছে তার তালিকা পেতে চাই? কারা এ ধরনের সেফটিনেট কর্মসূচী থেকে সুবিধা লাভ করতে পারে এবং তা পাবার জন্য কি কি কাগজ (ডকুমেন্ট) জমা দিতে হয় তা জানতে চাই।
২. ভিজিএফ, ভিজিডি, বয়স্কভাতা ও বিধবা ভাতা সংক্রান্ত কার্ড বিতরণের নীতিমালা পেতে চাই। গত ২০০৯-২০১০ অর্থবছরে আমাদের উপজেলার বিভিন্ন গ্রামে কয়টি কার্ড বিতরণ করা হয়েছে তাদের নামের তালিকাসহ এ বিষয়ে সিদ্ধান্তসমূহের কপি পেতে চাই।
৩. ভিজিএফ, ভিজিডি, বয়স্কভাতা ও বিধবা ভাতা সংক্রান্ত কার্ড বিতরণে দায়িত্বপ্রাপ্ত ব্যক্তিদের নামের তালিকা জানতে চাই এবং সংগ্রহে কোন কোন দিন এই সেবা প্রদান করা হয় তা জানতে চাই।

৪. সরকারী সুরক্ষা কর্মসূচীর কার্ড বছরের কোন সময় সরকারী দণ্ডের থেকে ইউনিয়ন পর্যায়ে আসে তা এবং ২০১০-২০১১ অর্থবছরে কোন কোন খাতে কতটি কার্ড বরাদ্দ করা হয়েছে তা জানতে চাই।
৫. বয়স্ক ভাতা ও বিধবা ভাতা পাওয়ার জন্য কোথায় কিভাবে নাম অন্তর্ভুক্ত করতে হয় তা জানতে চাই। নাম অন্তর্ভুক্ত করার পর ভাতা পাব কিনা তা কত দিন পর কিভাবে জানতে পারব।
৬. সরকারের ১০০ দিনের কর্মসূচীন কর্মসূচী সম্পর্কে যে সিদ্ধান্ত এবং নীতিমালা হয়েছে তার কপি পেতে চাই। এই কর্মসূচীতে অন্তর্ভুক্ত হওয়ার নিয়ম কি? আমার এলাকায় এ বছরের ১০০ দিনের কর্মসূচীতে যারা অন্তর্ভুক্ত হয়েছে তাদের তালিকা দেখতে চাই।
৭. গ্রামের কঠোর পরিশ্রমী মানুষদের জন্য ১০০ দিনের কর্মসূচীন কর্মসূচীর বাইরে পরিকল্পিত উপায়ে শ্রমঘণ কোন ভাল প্রকল্প বাস্তবায়ন করার পরিকল্পনা সরকারের আছে কি না তা জানতে চাই।
৮. ভূমিহীন পরিবারের সদস্যদের জন্য ১০০ দিনের কর্মসূচীন কর্মসূচীতে কোন প্রকার অগ্রাধিকার সুবিধা বা কোটা আছে কিনা জানতে চাই।
৯. মাতৃত্বকালীন ভাতা পাওয়ার যোগ্যতা সমূহ জানতে চাই। কোন কোন নীতিমালার ভিত্তিতে মাতৃত্বকালীন ভাতা প্রদান করা হয় তার কপি পেতে চাই।
১০. গত অর্থ বছরে আমাদের ইউনিয়নে/উপজেলায় কারা মাতৃত্বকালীন ভাতা পেয়েছে তাদের নামের তালিকা পেতে চাই।
১১. দৃষ্টি প্রতিবন্ধদের শিক্ষা ব্যবস্থার জন্যে নতুন কম্পিউটারাইজড ব্রেইল পদ্ধতির সুযোগ কোন কোন শিক্ষা প্রতিষ্ঠানে আছে তার তালিকা চাই এবং এ সুযোগের অন্তর্ভুক্ত শিক্ষার্থীদের নামের তালিকা চাই।
১২. উত্তেজংপুর ইউনিয়নে সরকারের একটি বাড়ি একটি খামার প্রকল্পে গত অর্থ বছরে সুবিধাভোগীদের নামের তালিকা পেতে চাই।

এসব প্রশ্ন ছাড়াও এ খাতের সঙ্গে প্রাসঙ্গিক আরো নানা ধরনের প্রশ্ন করা যেতে পারে। সামাজিক সুরক্ষা বিষয়ক বিভিন্ন তথ্য জানার জন্য উপজেলা সমাজ সেবা কর্মকর্তার কার্যালয়ে নিয়োগপ্রাপ্ত দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তার কাছে নাম ও ঠিকানাসহ জমা দিতে হয়। যদি অফিসে দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা কে তা জানা না থাকে সেক্ষেত্রে কৃষি পরিসেবা অংশে বর্ণিত নিয়মানুযায়ী আবেদনপত্র জমা দিতে হবে। (আবেদন পত্রিয়া সঠিকভাবে লেখার জন্যে এই লেখার শেষে সংযুক্ত -১ দ্রষ্টব্য। সেখানে আবেদনপত্র, আীপল ও অভিযোগ পত্রের নমুনা দেয়া হল।)